

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ১৫ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১৪/মূসক/২০১৪—যেহেতু ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) কর্তৃক আয়োজিত আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশের অভ্যন্তরে বিশ্বকাপ ক্রিকেট ভেন্যু নির্বাচনের বিষয়টিও দেশের জন্য গৌরবের ও সম্মানজনক; এবং

যেহেতু বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জাতীয় পর্যায়ের একটি ক্রীড়া সংগঠক এবং দেশের ক্রিকেট অঙ্গনের মানোন্নয়নে সার্বিক দায়িত্ব পালনে নিয়োজিত এবং বর্তমানে আইসিসি কর্তৃক আয়োজিত ক্রিকেট আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ এ সক্রিয় অংশগ্রহণের ক্ষেত্রে বিসিবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে প্রতিশ্রুতিবদ্ধ;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, আইসিসি ওয়ার্ল্ড টুয়েন্টি-২০ বাংলাদেশ, ২০১৪ উপলক্ষে বিক্রীত টিকেট বাবদ প্রাপ্ত অর্থ হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৩৩৩৫)

মূল্য : টাকা ৪.০০